

নং-শাঃ ৪/১জি-১৮/৯৭/১২৯-শিক্ষা.

তারিখ : ৮/৩/১৯৯৮ইং

২৪/১১/১৪০৪বাং

শ্রেরক : মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অনুদান)

প্রাপক : পরিচালক
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান
প্রসংগে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো হচ্ছে যে, এতদসংগে সংযুক্ত তালিকায় বর্ণিত, যথাযথ স্বীকৃতিহাও সাপেক্ষে, ৫৯টি কলেজ (পরিশিষ্ট 'ক'), ৫২টি মাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'খ'), ১০৭টি নিম্নমাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'গ') ও ১৩৮টি মাদ্রাসা (পরিশিষ্ট 'ঘ'), (সর্বমোট ৩৫৬টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান) ট্যাক্সি প্যাটার্ন মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ নিম্নলিখিত শর্ত মোতাবেক আগামী ১/৪/৯৮ইং তারিখ হতে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন:-

- (ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক/কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।
- (খ) যে সকল প্রতিষ্ঠান প্রচলিত ট্যাক্সি প্যাটার্ন এর শর্ত পূরণ করেন না কিংবা কোন পদ ত্যাগ করে/থাকলে অথবা নতুন নিয়োগের হলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত এই প্রক্রিয়া চলতে থাকবে।
- (গ) ১৯৯৭-৯৮ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ বছরের জন্য এম.পি.ও ভুক্ত করা হবে।
- (ঘ) ২৪শে অক্টোবর ৯৫ তে স্বীকৃত (পরবর্তীতে সংশোধিত -যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান ও জনবল কঠামো সম্পর্কিত নীতিমালার বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। যেসকল প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এম.পি.ও ভুক্তি সীল করা হবে।
- (ঙ) ১৯৯৭-৯৮ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মচারীদের প্রয়োজনীয় তথ্য স্বা- ব্যানবেইস ফরম, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের শিক্ষাবৃত সনদপত্র, ২ কপি ছবি, নিয়োগপত্র, অর্গানাইজেশনাল চার্ট, স্ব-স্ব ব্যাংক একাউন্ট এর মূল কপি ব্যানবেইসে এবং অনুলিপি, মহা-পরিচালক, মাউশিকে প্রদান করতে হবে।
- (চ) ১৯৯৭-৯৮ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এম.পি.ও ভূক্তির সরকারী আদেশ ১/৪/৯৮ইং থেকে কার্যকর হবে।

মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব

নং-শাঃ ৪/১জি-১৮/৯৭/১২৯-শিক্ষা

তারিখ : ৮/৩/১৯৯৮ইং

২৪/১১/১৪০৪বাং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।